



তথ্যবিবরণী

নম্বর-০৪৬

রাজশাহীতে বিভাগীয় বৃক্ষমেলার সমাপনী অনুষ্ঠিত

রাজশাহী; ৩১ ভাদ্র (২১ সেপ্টেম্বর):

‘বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ’ এই স্লোগানে রাজশাহীতে ২১ দিনব্যাপী বিভাগীয় বৃক্ষমেলার সমাপনী অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে শনিবার (২১ সেপ্টেম্বর) বিকেল চারটায় নগর ভবনের সিটি হল সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী ড. এ.বি.এম শরীফ উদ্দিন।

শরীফ উদ্দিন বলেন, প্রকৃতি থেকে অক্সিজেন নেয়া এবং কার্বন-ডাই-অক্সাইড দেয়ার মাধ্যমে আমরা বেঁচে থাকি। পরিবেশের ভারসাম্য রক্ষায় এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের ব্যাপক বৃক্ষরোপণ করতে হবে। আমাদের সম্ভাবনাকে বৃক্ষ সম্পর্কে জানাতে হবে এবং নগর পরিকল্পনাবিদদের সবুজ নগরায়ণে বৃক্ষ রোপণের প্রয়োজনীয়তা সম্পর্কে জানতে হবে। সুশোভিত ফুল, ফলের সাথে বহুবর্ষজীবী বৃক্ষ লাগানোর প্রয়োজনীয়তার গুরুত্বারোপ করেন তিনি।

রাজশাহীর ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সরকার অসীম কুমারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়ার সামাজিক বন অঞ্চলের বন সংরক্ষক মুহাম্মদ সুবেদার ইসলাম, স্থানীয় সরকার রাজশাহী বিভাগের পরিচালক পারভেজ রায়হান, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার অনিবার্ণ চাকমা। অনুষ্ঠানে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, রাজশাহীর সামাজিক বন বিভাগের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় গত ১ সেপ্টেম্বর নগর ভবন গ্রীন প্লাজায় বৃক্ষ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এই মেলায় ৩৪টি স্টল অংশগ্রহণ করে। অনুষ্ঠানে মেলায় অংশগ্রহণকারী নার্সারি মালিকগণের হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেয়া হয়।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১০.৩০ঘ.